

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/২৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫৩৯ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার সারাদেশে বিআরটিএসির বাসে শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তে হাফ ভাড়া (কম্পেনসনকৃত) নির্ধারণ করলঃ

- ক) বিদ্যমান ভাড়ার ৫০% কম;
- খ) ভ্রমণকালে ছাত্র-ছাত্রীদের অবশ্যই নিজ নিজ শিক্ষা-প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছবিযুক্ত হালনাগাদ বৈধ পরিচয়পত্র সাথে রাখতে হবে এবং প্রয়োজনে প্রদর্শন করতে হবে;
- গ) সকাল ৭টা হতে রাত ৮টা পর্যন্ত শিক্ষার্থীগণ বিআরটিএসির বাসে চলাচলের ক্ষেত্রে এ হাফ ভাড়ার (কম্পেনসনকৃত ভাড়ার) সুযোগ পাবে; এবং
- ঘ) শিক্ষা প্রতিষ্ঠান ছুটির দিনে এ হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) প্রযোজ্য হবে না।
- ০২। বিআরটিএসির বাসে জনস্বার্থে এ হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) আগামী ১ ডিসেম্বর ২০২১ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৮/১১/২০২১

(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব